



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd
ক্রেডিট বিভাগ



নং- বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-১)/১(১৩)/২০২১-২০২২/ ১৩৫৮(১২৫০)
মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

তারিখঃ ১৮.০১.২০২২

বিষয়ঃ ঋণগ্রহীতাদের সঞ্চয়ী/চলতি হিসাব খোলা সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে পরিকল্পনা ও পরিচালন/(শানিবিডিবি) পরিপত্র নং-০৩/২০২১ তারিখঃ ১৭.০৮.২০২১ এবং বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকার ২৪.১০.২০২১ তারিখের পত্র নং- ৫৩৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত ১৪.১০.২০২১ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির ১২৩তম সভায় প্রত্যেক ঋণগ্রহীতার একটি সঞ্চয়ী হিসাব খোলা সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয় যা শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের উপরোক্ত পত্রের মাধ্যমে অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে জারী করা হয়। তদুপরি বিকেবি, খুলনা বিভাগাধীন বাগেরহাট অঞ্চলসহ বিভিন্ন শাখা হতে ঋণ বিতরণের ক্ষেত্রে উক্ত নির্দেশনা বাস্তবায়ন হচ্ছে না মর্মে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অবহিত হয়েছেন এবং চরম অসন্তুষ্টি প্রকাশ করেছেন। ভবিষ্যতে ঋণের টাকা ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান না করলে শাখা ব্যবস্থাপক দায়ী থাকবেন। ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণের টাকা প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে সরাসরি তদারকি করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির ১২৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক ঋণগ্রহীতার একটি সঞ্চয়ী/চলতি হিসাব খুলে হিসাবের মাধ্যমে ঋণের টাকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(চানু গোপাল ঘোষ)

উপব্যবস্থাপনা পরিচালক

তারিখঃ ১৮.০১.২০২২

নং- বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-১)/১(১৩)/২০২১-২০২২/ ১৩৫৮(১২৫০)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ কে সঞ্চয়/চলতি হিসাবের মাধ্যমে ঋণের টাকা প্রদানের বিষয়টি নিরীক্ষা প্রতিবেদনে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। নথি/মহানথি।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক